১৫৭

ভোরের কাগজ

তারিখ MAR 28 1999
পৃষ্ঠা ৮২ কলাম ২

# নির্বাচন কমিশন সচিবালয়

## ভোটার আইডি কার্ড প্রকল্প
## শেরে বাংলানগর, ঢাকা

নং-নিকস/আইডি/প্রচার/১৩/৯৮/৫১৬ তারিখ: ৭ মার্চ, ১৯৯৯/২১ চৈত্র, ১৪০৫ বাংলা

**বিষয় : ভোটার পরিচয়পত্র প্রস্তুত, সংগ্রহ ও সংরক্ষণ**

নির্বাচনী আইনে দেশের সকল ভোটারকে পরিচয়পত্র প্রদানের জন্য বাংলাদেশ নির্বাচন কমিশনকে দায়িত্ব প্রদান করা হয়েছে। নভেম্বর '৯৮ মাসের শেষ সপ্তাহ থেকে সমগ্র দেশে ভোটার পরিচয়পত্র তৈরীর কার্যক্রম পুনরায় শুরু হয়েছে। যারা ইতোপূর্বে ভোটার পরিচয়পত্রের জন্য ছবি তোলেন নাই তাদেরকে স্ব স্ব ইউনিয়ন / পৌরসভা / পৌর করপোরেশনের /গ্রাম / মহল্লা ও ওয়ার্ডে স্থাপিত ক্যাম্পে গিয়ে ছবি উঠানোর জন্য অনুরোধ করা হচ্ছে। প্রত্যেক সম্মানিত ভোটারকে তার এলাকার সময়সূচী জেনে নেয়ার জন্য অনুরোধ জানানো যাচ্ছে। তদুপরি থানা নির্বাচন অফিসার/সহকারী রেজিস্ট্রেশন অফিসারগণ মাইক, ঢোলসহরত, হ্যান্ডবিল, পোস্টার ও লিফলেটের মাধ্যমে আপনার এলাকার ক্যাম্পের অবস্থান ও সময়সূচী জানানোর ব্যবস্থা করছেন। ছবি তোলার জন্য প্রতি এলাকায় মোট পাঁচ দিনের ক্যাম্প করা হচ্ছে। যেসব এলাকার ক্যাম্পের অবস্থান ও সময়সূচী পত্রিকা, রেডিও, টিভির মাধ্যমেও প্রচার করার সুযোগ রয়েছে, সেগুলো সংশ্লিষ্ট জেলা নির্বাচন অফিসার পত্রিকা, রেডিও ও টিভির মাধ্যমেও প্রচারের ব্যবস্থা করছেন।

ভোটার পরিচয়পত্র শুধু যে ভোট প্রদানের সময়ই ব্যবহৃত হবে তাই নয়, অধিকন্তু ১৪টি অতিরিক্ত ক্ষেত্রে যেমন : ১। স্থাবর সম্পত্তি হস্তান্তর, ২। সম্পত্তির ক্ষেত্রে নাম জারি ও জমা খারিজ, ৩। ভূমিহীনদের মধ্যে ভূমি বন্দোবস্তকরণ, ৪। ভূমি অধিগ্রহণের ক্ষতিপূরণ প্রদান, ৫। বিবাহ নিবন্ধন, ৬। বিভিন্ন লাইসেন্স ও পারমিট সংগ্রহের ক্ষেত্রে (আগ্নেয়াস্ত্র, ড্রাইভিং, বিভিন্ন ট্রেড, ঠিকাদারী, রেডিও, টেলিভিশন ইত্যাদি), ৭। পাসপোর্ট সংগ্রহ, ৮। বিমান ভ্রমণে (নিরাপত্তার স্বার্থে বিশেষ করে দেশের অভ্যন্তরে) বোর্ডিং পাস ইস্যু করার ক্ষেত্রে, ৯। ব্যাংক/অর্থলগ্নী সংস্থা হতে ঋণ গ্রহণ বা লেনদেনের ক্ষেত্রে, ১০। ভিজিএফ/ভিজিডি, ১১। যাবতীয় রিলিফ গ্রহণ, ১২। কোর্টে মামলার বাদী, সাক্ষী এবং আসামী সনাক্তকরণ, ১৩। চাকুরীর সাক্ষাৎকার এবং ১৪। যেকোন সরকারী সুযোগ সুবিধা গ্রহণে, সনাক্তকরণের সহায়ক দলিল হিসাবেও তা ব্যবহৃত হবে। তাই ভোটার পরিচয়পত্রের গুরুত্ব অত্যধিক।

গ্রাম/মহল্লা/ওয়ার্ডে স্থাপিত ক্যাম্পে গিয়ে ছবি তোলা ও অন্যদেরকে এ কাজে উৎসাহিত করা, ভোটার পরিচয়পত্র সংগ্রহ ও সংরক্ষণ করা সকল সম্মানিত ভোটারের দায়িত্ব। এ জন্য সম্মানিত ভোটারদেরকে তাদের স্ব স্ব ইউনিয়ন /পৌরসভা / পৌর কর্পোরেশন-এর যথাক্রমে স্ব স্ব গ্রাম / মহল্লা / ওয়ার্ডে অবস্থিত ক্যাম্পে গিয়ে ছবি তোলার জন্য অনুরোধ করা হচ্ছে। পৌরসভা/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার/সদস্য-এর কার্যালয় এবং আপনার এলাকার সহকারী রেজিস্ট্রেশন অফিসার, থানা নির্বাচন অফিসার বা জেলা নির্বাচন অফিসারের কাছ থেকে আপনার এলাকার সময়সূচী জেনে নিন।

পূর্বে প্রস্তুতকৃত ভোটার পরিচয়পত্র প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের মাধ্যমে বিতরণের কার্যক্রম পরিচালিত হচ্ছে। আপনি '৯৫ সনে যে ঠিকানায় ভোটার ছিলেন তা পরিবর্তন করে থাকলে এবং তখন পরিচয়পত্রের জন্য আপনার ছবি তোলা হয়ে থাকলে প্রস্তুতকৃত আইডি কার্ড পাওয়ার ব্যাপারে এবং ইতিমধ্যে আপনার ছবি না তোলা হয়ে থাকলে ছবি তোলার ব্যাপারে আপনার এলাকার সহকারী রেজিস্ট্রেশন অফিসার, থানা নির্বাচন অফিসার বা জেলা নির্বাচন অফিসারের সাথে যোগাযোগ করলে তারা আপনার ছবি তোলা বা পরিচয়পত্র প্রদানের ব্যবস্থা করবেন। পরিচয়পত্র পাওয়ার পর তা যথাযথভাবে সংরক্ষণ করার জন্য প্রত্যেক ভোটারকে অনুরোধ করা যাচ্ছে। পরিচয়পত্রে আপনার বা আপনার পিতা/স্বামীর নাম- ঠিকানা বা অন্য কোন তথ্যে কোন ভুল থাকলে অথবা ছবিতে কোন ত্রুটি থাকলে তা সংশোধন বা প্রতিস্থাপনের জন্য অবিলম্বে আপনার এলাকার সহকারী রেজিস্ট্রেশন অফিসার, থানা নির্বাচন অফিসার বা জেলা নির্বাচন অফিসারের সাথে যোগাযোগ করুন।

জন প্রতিনিধি, রাজনৈতিক কর্মী, সমাজসেবী, এনজিও, সরকারের সকল বিভাগ ও সমাজের সকল স্তরের সম্মানিত সচেতন নাগরিককে ভোটার পরিচয়পত্র তৈরী ও বিতরণ কাজে সার্বিক সহযোগিতা প্রদানের জন্যও বিশেষভাবে অনুরোধ করা হল।

**মোঃ হেলাল উদ্দিন খান**
অতিরিক্ত সচিব ও
প্রকল্প পরিচালক
ভোটার আইডি কার্ড প্রকল্প।

ডিএফপি-৬২১৬-২৪/৩/৯৯ (১০"x২)
ডিস-৬৭০/৯৯